



অনিয়মের অভিযোগে সংসদ বর্জনের ঘোষণা জামায়াতের



ছবি: সংগৃহীত

ত্রয়োদশ জাতীয় সংসদ নির্বাচন ঘিরে অনিয়ম, কেন্দ্র দখল ও কারচুপির অভিযোগ তুলে সংসদে না যাওয়ার সিদ্ধান্ত নিয়েছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।
বৃহস্পতিবার গভীর রাতে রাজধানীর মগবাজারে দলীয় কার্যালয়ে অনুষ্ঠিত শীর্ষ পর্যায়ের এক বৈঠকে এ সিদ্ধান্ত নেওয়া হয়। বৈঠকটি ছিল বন্ধদ্বার পরিবেশে।
দলটি জানিয়েছে, তারা ১৫০টি আসনে পুনর্নির্বাচনের দাবি উত্থাপন করবে। দাবি পূরণ না হওয়া পর্যন্ত আন্দোলন অব্যাহত রাখার কথাও সিদ্ধান্তে রয়েছে।
দলের নীতিনির্ধারণী পর্যায়ের অন্তত দুজন নেতা গণমাধ্যমকে বিষয়টি নিশ্চিত করেছেন।

LENS ASIA